2012 ONTARIO BUDGET

Ontario

NEWS RELEASE

MINISTRY of FINANCE

অন্টারিওর জন্য মজবুত কর্মোদ্যোগ

বাজেট সামঞ্জস্যপূর্ণ রাখার পরিকল্পনা, চাকরীর ক্ষেত্র তৈরী, শিক্ষা ও স্বাস্থ্য সেবা রক্ষা

খবর মার্চ ২৭, ২০১২

২০১২ অন্টারিও বাজেট ঘাটতি দূরিকরনের পরিকল্পনা যা পরবর্তি তিন বছরে কর্মসূচী বাবদ খরচের বৃদ্ধি কমায় এবং এটা ১৭.৭ বিলিয়নের মধ্যে রাখে, একই সাথে কর না বাড়িয়ে রাজস্ব ৪.৪ বিলিয়ন ডলার বৃদ্ধি করে।

এটা গুরুত্বপূর্ণ সময়ের জন্য গুরুত্বপূর্ণ কর্মোদ্যোগ এবং ২০১৭-১৮ নাগাদ ঘাটতি দূর করে অন্টারিওকে সঠিক পথে চলমান রাখে।

অন্টারিও সরকার যা খরচ করে তার প্রতি ডলারের ৫০ সেন্টেরও বেশী দেয়া হয় শিক্ষক, ডাক্তার এবং অন্যান্য যারা বৃহত্তর জন খাতে আছে তাদের বেতন-ভাতা বাবদ। প্রদেশ যে গুরুতর অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলা করছে তাতে অর্থনৈতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে এবং বিগত আট বছরে শিক্ষা ও স্বাস্থ্য খাতে যে অর্জন হয়েছে তা ধরে রাখতে বেতন-ভাতা বাবদ খরচ অবশ্যই ব্যবস্থাপনা করতে হবে।

সামগ্রীক দরবার ব্যবস্থাকে সম্মান করতে হবে। যেখানে চুক্তি আলাপ-আলোচনা করা যাবে না যা বাজেট সামঞ্জস্য করার পরিকল্পনার সাথে একমত এবং অগ্রাধিকার প্রাপ্ত সেবাসমূহ রক্ষা করতে সরকার প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনগত পদক্ষেপ নিতে প্রস্তুত।

সরকার সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে কয়েকটি পন্থা নিতে অগ্রহী যাতে জন খাতের পেনশন করদাতাদের জন্য সহনিয় এবং পেনশন ভোগীদের জন্য টেকসই হয়। যেমন, যেখানে পেনশন ঘাটতি, বহু জন খাতের কর্মীদের ভবিষ্যতে কর্মদাতা বা সরকারের কাছ থেকে অতিরিক্ত পেনশন গ্রহন করার সুযোগ কমে যাবে। বর্তমানের অবসর যাপনকারীরা আক্রান্ত হবে না।

২০১২ বাজেট প্রস্তাব করছে মজবুত কর্মোদ্যোগ যাতে ২০১৭-১৮ নাগাদ বাজেট সামাঞ্জস্যপূর্ণ হয়, তার মধ্যে আছেঃ

- তিন বছরে ৪.৯ বিলিয়ন ডলার সাশ্রয়
- সাধারন কর্পোরেট আয়কর হার এবং ব্যবসা শিক্ষা কর হার হ্রাস স্থিতিকরণ যত দিন না বাজেট সামঞ্জস্যপূর্ণ হয়

…/2

- অন্টারিও ক্লিন এনার্জি বেনিফিট-এর মাত্রা মাসে ৩,০০০ ইউনিটে সীমাবদ্ধ

- অন্টারিও ড্রাগ বেনিফিট কার্যক্রম-কে মূল্য পরিশোধ করতে বলা যাতে করে শতকরা প্রায় ৫ ভাগ অন্টারিওর সর্বাধিক আয়ের প্রবীণদের প্রেসক্রিপশন ওষুধের দাম সিংহভাগ প্রদান করতে হবে

- এটা নিশ্চিত করা যে অন্টরিওর সেবা গ্রহনের ফি কর্মসূচী ও সেবা বাবদ খরচ থেকে বেশী হয়।

- এমপিপিদের প্রদেয় দুই বছর স্থিতিকরন যা সব মিলিয়ে পাঁচ বছর

- হাসপাতাল, কলেজ, বিশ্ববিদ্যালয়, স্কুল বোর্ড এবং এজেন্সিসমূহের নির্বাহীদের প্রদেয় আরও দুই বছর স্থিতিকরন যা সব মিলিয়ে চার বছর

২০১১-১২-এর ঘাটতি প্রক্ষেপন করা হয়েছে ১৫.৩ বিলিয়ন ডলার যা এক বছর আগে পূর্বাভাসের থেকে ১ বিলিয়ন ডলার কম এবং ২০০৯ শরৎকালে ২০০৯-১০-এ ঘাটতি পূর্বাভাসের থেকে শতকরা ৩৮ ভাগের বেশী কম। ২০১২ বাজেটে ঘোষিত পণ্থা না গ্রহন করলে ঘাটতি ২০১৪-১৫-এ হবে ২৫ বিলিয়ন ডলার। এখন ঐ বছর ঘাটতি ১০.৭ বিলিয়ন ডলার প্রক্ষেপিত হয়।

সরকার অর্থনীতিকে আরও দৃঢ় এবং চাকরীর ক্ষেত্র তৈরীর দিকে দৃষ্টি রেখে যাবে।

চাকরি এবং উন্নয়ন

দৃঢ় এবং বহুমুখী অন্টারিও গঠনে সহায়ক ব্যবস্থাদি যেখানে নব আবিষ্কার, উন্নত উৎপাদনশীলতা এবং বিশ্বে প্রতিযোগিতামূলক করতে ব্যবসা বিনিয়োগে সরকারের পদক্ষেপসমূহঃ

- সরকার যে ভাবে ব্যবসার জন্য সহায়তা করে তার রূপান্তর এবং সরলিকরন করতে একটি চাকরি ও উন্নয়ন তহবিল গঠন যা উৎপাদন এবং চাকরির ক্ষেত্র তৈরী কেন্দ্রীক। এতে প্রশাসনিক ব্যয় কমবে যা ২০১৪-১৫ অর্থ বছরে ২৫০ মিলিয়ন ডলার সাশ্রয় করবে।

- বহু-স্টেকহোল্ডার সমন্নয়ে জবস এবং পোসপারিটি কাউন্সিল গঠন যা অন্টারিওর উৎপাদন বৃদ্ধি করতে সরকারকে উপদেশ দিবে, অন্টারিওর উৎপাদন ও নব-আবিষ্কারের গবেষণায় নেতৃত্ব দিবে।

- উদীয়মান অর্থনীতিতে রপ্তানির জন্য সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের কার্যক্রমের সমন্নয় ও সরলিকরন করবে।

জ্ঞান এবং দক্ষতা

নিম্নক্তো উপায়ে সরকার তার পরিকল্পনা চলমান রাখছে যাতে বিশ্বের সেরা শিক্ষিত কর্মীবাহিনী গঠিত হয়ঃ

- সেপ্টেম্বর ২০১৪ নাগাদ পূর্ণদিবস কিন্ডারগার্টেন সম্পূর্নরূপে কার্যকর করা

- নিচের সারির ক্লাসগুলোতে স্বল্প সংক্ষক ছাত্র-ছাত্রী বজায় রাখা

- যোগ্য সকল পূর্ণ কালীন স্নাতক পর্যায়ের বিশ্ববিদ্যালয় ও কলেজ ছাত্র-ছাত্রীদের শতকরা ৩০ ভাগ অন্টারিও টিউশন গ্র্যান্ট চালিয়ে যাওয়া

- বর্তমান সময়ের চাকরির বাজরের জন্য আরও দ্বায়িত্বশীল হতে প্রশিক্ষণ কর্মসূচী গ্রহন।

স্বাস্থ্য সেবার রূপান্তর

নিম্নক্তো উপায়ে সরকার অন্টারিও একশন প্ল্যান ফর হেল্থ কেয়ার–এর উপর ভিত্তি করে টেকসই ও উন্নতমানের স্বাস্থ্য ব্যবস্থা তৈরী করবেঃ

- পরবর্তি তিন বছরে খরচের হার বৃদ্ধি কমিয়ে বাৎসরিক গড়ে শতকরা ২.১ ভাগ করতে স্বাস্থ্য খাতের রূপান্তর
- সম্ভব হলে, হাসপাতালের পরিবর্তে কমিউনিটি নির্ভর যেমন অলাভজনক ক্লিনিক এবং বাড়ীতে রোগীর চিকিৎসা
- সেবার মান উন্নয়ন করতে রোগী-কেন্দ্রীক অর্থায়নের দিকে সরন।

উক্তিসমূহ

‘‘আমরা ঠিকটাই বেছে নিচ্ছি যাতে অন্টারিওর পরিবারসমূহ সম্ভব্য সবচে’ ভালো সেবা পায় এবং সবচে’ কর অর্থের মূল্য পায়। বাজেট সামঞ্জস্য করতে আমাদের সবার দ্বায়িত্ব আছে।‘‘”

- ডুয়াইট ডানকান, অর্থ মন্ত্রী

“দৃঢ় অন্টারিও গড়তে প্রয়োজন দৃঢ় কর্মোদ্যোগ। আমরা সম্মিলিতভাবে যে অর্জন করেছি তা ধরে রাখতে আমরা সঠিকটা বেছে নিব। এটা বাছতে আমরা শিক্ষা এবং স্বাস্থ্য সেবাকে বেছে নিব – প্রতিবার।”

- ডুয়াইট ডানকান, অর্থ মন্ত্রী

এক নজরে তথ্যসমূহ

- ২০১২ বাজেটে প্রস্তাবিত পন্থার ফলে অন্টারিওর সম্মিলিত ঘাটতি ২০১৪-১৫-এ হবে ২২.১ বিলিয়ন ডলার কম যদি কোন ব্যবস্থা না নেয়া হয তার চেয়ে।
- ২০১২ বাজেটে প্রতি ডলার নতুন রাজস্ব-এর জন্য চার ডলার সাশ্রয় এবং ব্যয় নিয়ন্ত্রনের ব্যবস্থা থাকছে।
- এই বাজেট পরবর্তি তিন বছরে কর্মসূচী বাবদ খরচের বৃদ্ধি কমায় এবং এটা ১৭.৭ বিলিয়নের মধ্যে রাখে
  - যুগপৎ ও অবিকল কর্মসূচী অপসরন, অধিকতর কার্যকর সরবরাহ মডেল এবং কেন্দ্রীয় কার্যক্রমের দিকে নিবদ্ধ হয়ে ৪.৯ বিলিয়ন ডলার পরিকল্পিত সাশ্রয়
  - সরকারের কার্যক্রম যেমন স্কুল বোর্ডের খরচাদি, ডাক্তারদের প্রদানযোগ্য এবং অন্যান্য জন খাতের খরচ নিয়ন্ত্রণ করে ৬ বিলিয়ন ডলার
  - বৃহত্তর জন খাতে খরচ নিয়ন্ত্রণ করে ৬.৮ বিলিয়ন ডলার
- অন্টারিওর অর্থনীতি ২০১২-এ শতকরা ১.৭ এবং ২০১৩ সালে ২.২এবং ২০১৪ সালে ২.৪ বৃদ্ধি পাবে বলে প্রক্ষেপন করা হচ্ছে।
- ২০১১ সালে অন্টারিওতে ১২১,০০০-এর বেশী চাকরী তৈরী হয়েছে একই সাথে পূর্ণ কলীণ চাকরী বৃদ্ধি পেয়েছে ১২৩,৪০০।

- অন্টারিওর দেনার পরিসেবা বাবদ প্রায় ১০ বিলিয়ন ডলার যা কি না স্বাস্থ্যসেবা এবং শিক্ষার পর তৃতীয় বৃহৎ খরচ। একটি ধারনা দেয়া যায় এভাবে, অন্টারিও প্রতি বছর কলেজ ও বিশ্ববিদ্যালয়ের জন্য খরচের চেয়ে বেশী অর্থ সুদ প্রদান করে।

- সুদের হার বৃদ্ধির প্রথম বছরে শতকরা এক ভাগ সুদ বৃদ্ধির ফলে দেনার পরিসেবা বাবদ খরচ ৪৬৭ মিলিয়ন ডলার বৃদ্ধি পায়। যদি কোন পদক্ষেপ না নেয়া হয়, ২০১৭-১৮ নাগাদ অন্টারিওকে দেনার পরিসেবার জন্য বর্তমান শিক্ষা বাবদ খরচের প্রায় সমান অর্থ পরিশোধ করতে হবে।

- ফেব্রুয়ারী ২০১২-তে কনফারেন্স বোর্ড অব কানাডা বলেছে যদি কোন খরচ বৃদ্ধি কমাতে কোন পদক্ষেপ না নেয়া হতো অন্টারিওর ঘাটতি হতো ২০১৭-১৮ নাগাদ ১৬ বিলিয়ন ডলার। একই রকম ধারনা থেকে, কমিশন অব অন্টরিও পবলিক সার্ভিসেস অনুমান করেছে ৩০ বিলিয়ন ডলার।

- ২০১১-১২-তে অন্টারিওর জন প্রতি কর্মসূচী বাবদ প্রক্ষেপিত খরচ ৮,৫৬০ ডলার। এটা প্রদেশগুলোর মধ্যে সর্বনিম্ন এবং আর নয়টি প্রদেশের গড় থেকে শতকরা ১১ ভাগ কম।

- অন্টারিও সবচেয়ে কম মাথা পিছু জনবল নিয়ে সরকারের সেবা দিয়ে থাকে।

আরও জানতে

২০১২ অন্টারিও বাজেট পড়ুন।

অন্টারিও কর্তৃক গৃহিত খরচ ব্যবস্থাপনা পন্থাসমূহ সম্পর্কে আরও জানুন।

২০১২ অন্টারিও বাজেটের পিছনের তথ্য পড়ুনঃ
- অন্টারিওস ইকোনমিক আউটলুক এন্ড ফিস্কেল প্ল্যান
- পাবলিক সেক্টর কম্পেনসেশন
- বাজেট সামঞ্জস্যকরন
- এ ফেয়ার এন্ড এফিসিয়েন্ট ড্রাগ সিসটেম

২০১২ অন্টারিও বাজেটের উল্লেখযোগ্য অংশসমূহ পড়ুন।

শুধুমাত্র গণমাধ্যমের অনুন্ধানের জন্যঃ
আলী ভিটানস্কি, মন্ত্রীর কার্যালয়, ৪১৬-৩২৫-৯৮১৯
স্কট ব্লজেট, মন্ত্রীর কার্যালয়, ৪১৬-৩২৫-০৩২৪

সর্বসাধারনের অনুন্ধানের জন্য ফোন করুনঃ
১-৮০০-৩৩৭-৭২২২
টিটিওয়াই: ১-৮০০-২৬৩-৭৭৭৬